



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে “বাংলাদেশে পরিসংখ্যান চর্চায় বঙ্গবন্ধুর অবদান”
শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়

৪ অক্টোবর ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগ কর্তৃক আয়োজিত “বাংলাদেশে পরিসংখ্যান চর্চায় বঙ্গবন্ধুর অবদান” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ৩ অক্টোবর রাত ৯ টায় অনলাইনে এ সভাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে সংযুক্ত ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের বেল স্টেট ইউনিভার্সিটির প্রফেসর এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ড. রহমতউল্লাহ ইমন। সভায় স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান সাইফ উদ্দিন রাশেদ। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি যুদ্ধবিধ্বস্ত দেশকে মাত্র সাড়ে তিন বছরে যেভাবে উচ্চতায় নিয়ে গিয়েছিলেন তার পিছনে পরিসংখ্যানের ভূমিকা ছিলো। বঙ্গবন্ধু সব কিছুই পরিসংখ্যান মাফিক করেছেন এবং তিনিই প্রথম ১৯৭৪ সালে পরিসংখ্যান ব্যুরো প্রতিষ্ঠা করেছিলেন। পরিসংখ্যানের মাধ্যমে তথ্যভিত্তিক সমাজ গড়ে তুলতে পারলে সেটা জাতি গঠনে বিরাট ভূমিকা রাখতে পারবে সে আলোকে বঙ্গবন্ধু পরিসংখ্যান চর্চায় গুরুত্বারোপ করেছিলেন। তিনি আরও বলেন জাতির পিতা বঙ্গবন্ধু বেঁচে থাকলে বাংলাদেশ অনেক আগেই উন্নয়নশীল রাষ্ট্রের মর্যাদা অর্জন করতে পারতো। তাঁরই দেখানো পথ ধরে বর্তমানে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিনত করেছেন। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন। ভার্চুয়াল আলোচনা সভাটি সঞ্চালনা করেন পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক মমিনুল হক মন্ডল।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস